# কল্যাণ কর্মকর্তা নীতিমালা
# WELFARE POLICY

মন্ডল ইন্টিমেটস লিঃ এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ শ্রমিকদের সার্বিক কল্যাণ রক্ষার্থে বদ্ধ পরিকর। শ্রমিকদের কাজের ও জীবনযাত্রার মান উন্নয়ন ও তাদের কল্যাণ মূলক ব্যাপারে সচেষ্ট থাকা ও সুপারিশ করা এবং শ্রমিক ও মালিকের মধ্যকার যেন কোন ভুল বোঝাবুঝি সৃষ্টি না হয় সেই লক্ষ্যে মন্ডল ইন্টিমেটস্ লিঃ কর্তৃপক্ষ একজন কল্যাণ কর্মকর্তা নিয়োগ করেছে। তাছাড়াও শ্রমিকদের সার্বিক কল্যাণ নিশ্চিত করার লক্ষ্যে ব্যবস্থাপনা প্রতিনিধি এবং শ্রমিক প্রতিনিধিদের সমন্বয়ে একটি কল্যাণ কমিটি (PC) গঠন করা হয়েছে।

উক্ত কমিটির সদস্যবৃন্দ সাধারনত প্রতি দুই মাস অন্তর এবং বিশেষ প্রয়োজনে যেকোন প্রয়োজনে যে কোন সময়ে সাধারন সভার আয়োজন করবে। পদাধিকার বলে সভাপতি/সহঃ সভাপতি উক্ত সভায় সভাপতিত্ব করবেন। সভার শ্রমিক প্রতিনিধি কর্তৃক উত্থাপিত সমস্যা বিস্তারিত আলোচনা হবে এবং সভায় গৃহীত সিদ্ধান্ত দ্রুত বস্তবায়িত করে সমস্যার সমাধান করবেন। দুই সভা অনুষ্ঠিত হওয়ার মধ্যবর্তী সময়ে কোন ছোট খাটো সমস্যা থাকলে কল্যাণ কর্মকর্তা তার সমাধান করবেন।

মন্ডল ইন্টিমেটস্ লিঃ এর কল্যাণ কমিটি (PC) শ্রমিকদের সার্বিক কল্যাণ নিশ্চিত করার লক্ষ্যে নিম্নলিখিত নীতিমালা অনুসরন করে থাকে ঃ-

(ক) শ্রমিকদের বিভিন্ন কমিটি ও যৌথ উৎপাদন কমিটি, সমবায় সমিতি ও ওয়েলফেয়ার কমিটি গঠনকে উৎসাহিত করা এবং তাহাদের কাজকর্ম তদারক করা;

(খ) বিভিন্ন সযোগ সবিধা যথা—ক্যান্টিন, বিশ্রামাগার, শিশুকেন্দ্র, পর্যাপ্ত শৌচাগারের ব্যবস্থা, পানীয়-জল, ইত্যাদির প্রতি লক্ষ্য রাখা;

(গ) সবেতন ছটি মঞ্জরের ব্যাপারে শ্রমিককে সহযোগিতা করা এবং যে কোন ছটি ও অন্যান্য নিয়ম কাননের ব্যাপারে শ্রমিকগণকে অবহিত করা;

(ঘ) গহ সংস্থান, খাদ্য, সমবায় সমিতিতে ন্যায্য মল্যের যে কোন প্রতিষ্ঠানে সামাজিক ও বিনোদনমলক সযোগ-সবিধা, স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা, ছেলেমেয়েদের লেখাপড়ার সযোগ, ইত্যাদি শ্রম কল্যাণমলক বিষয়ের উপর লক্ষ্য রাখা;

(ঙ) শ্রমিকদের কাজের ও জীবনযাত্রার মান উন্নয়ন ও তাহাদের কল্যাণের বিষয়ে সচেষ্ট থাকা ও সপারিশ করা;

(চ) নবাগত শ্রমিকদের প্রশিক্ষণ দান, শ্রমিকদের শিক্ষার মান উন্নয়ন ও কারিগরি ইনস্টিটিউটে তাহাদের প্রশিক্ষণে যোগদানের উৎসাহ ও মনোনয়ন প্রদানে কর্তপক্ষকে পরামর্শ প্রদান;

(ছ) প্রতিষ্ঠানে আইনের বিধানাবলি বাস্তবায়নে ব্যবস্থাপনা কর্তপক্ষ ও শ্রমিকগণকে প্রয়োজনীয় সহায়তা ও পরামর্শ প্রদান;

(জ) শ্রমিকদের অধিকতর চিকিৎসা সবিধার জন্য কারখানা বা প্রতিষ্ঠানের মেডিকেল অফিসারের সহিত যোগাযোগ রক্ষা;

(ঝ) শ্রমিক-মালিক সম্পর্ক উন্নয়নের জন্য পদক্ষেপ গ্রহণ করা;

| | | |
|---|---|---|
| প্রস্তুতকারী | মানব সম্পদ ও কমপ্লায়েন্স বিভাগ | [signature] |
| অনুমোদনকারী | মহাব্যবস্থাপক | [signature] |

(ঞ) মজরি ও চাকরির শর্তের বিষয়গুলি সম্পর্কে মালিকপক্ষ ও শ্রমিকদের প্রতিনিধির সহিত আলোচনা;

(ট) মালিক ও শ্রমিকদের মধ্যে মতপার্থক্য দেখা দিলে সে বিষয়ে আপোস-মীমাংসার জন্য দ্রুত উদ্যোগ গ্রহণ করা ;

(ঠ) শ্রমিকদের বক্তব্য অনধাবন করা এবং পারস্পরিক মতপার্থক্য দর করিবার জন্য মালিক ও শ্রমিকদেরকে সহায়তা করা;

(ড) শ্রমিকদের একক বা সমষ্টিগত কোন অনযোগ থাকিলে, সেইগুলি ত্বরিৎ নিষ্পত্তির জন্য কর্তপক্ষের গোচরীভত করা; এবং

(ঢ) কারখানা বা প্রতিষ্ঠান কর্তপক্ষ এবং শ্রমিকদের মধ্যে সহযোগিতামলক সম্পর্ক রক্ষার জন্য সংযোগ স্থাপন ও আলোচনা অনষ্ঠান।

<u>কল্যাণ কর্মকর্তার যোগ্যতা হইবে নিম্নরূপ, যথা:-</u>

(ক) কমপক্ষে স্নাতক ডিগ্রিধারী এবং শ্রম ও শিল্প সম্পর্কিত বিষয়ে অভিজ্ঞ ও বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত; এবং

(খ) শ্রম আইন, শিল্প সম্পর্ক, অনযোগ-অভিযোগ নিষ্পত্তিতে দক্ষতাসম্পন্ন।

| | | |
|---|---|---|
| প্রস্তুতকারী | মানব সম্পদ ও কমপ্লায়েন্স বিভাগ | |
| অনুমোদনকারী | মহাব্যবস্থাপক | [signature] |